

মাধ্যমিকের নতুন তিনটি বিষয়ের নম্বর বন্টন

নিজস্ব প্রতিবেদক >

২০১৫ শিক্ষাবর্ষের জন্য প্রবর্তিত মাধ্যমিক স্তরের তিনটি বিষয়ের নম্বর বন্টন করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। অষ্টম শ্রেণির 'কর্ম ও জীবনমুখী শিক্ষা' নবম-দশম শ্রেণির 'ক্যারিয়ার শিক্ষা' এবং 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ের নম্বর বন্টন করে গতকাল মঙ্গলবার আদেশ জারি করেছে ঢাকা শিক্ষা বোর্ড।

শিক্ষা বোর্ডের আদেশে বলা হয়, অষ্টম শ্রেণির 'কর্ম ও জীবনমুখী শিক্ষা' বিষয়ে সৃজনশীল প্রশ্নের জন্য ৩০ নম্বর এবং বহুনির্বাচনী প্রশ্নের জন্য ২০ নম্বর মিলে মোট ৫০ নম্বর বরাদ্দ থাকবে। পাঁচটি সৃজনশীল প্রশ্নের মধ্যে তিনটির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। আর ২০টি বহুনির্বাচনী প্রশ্নের সব কয়টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।

নবম-দশম শ্রেণির 'ক্যারিয়ার শিক্ষা' বিষয়ে ৫০ নম্বরের মধ্যে তৃতীয় অংশের জন্য ২৫ এবং ব্যবহারিক অংশের জন্য ২৫ নম্বর রাখা হয়েছে।

তৃতীয় অংশের ২৫টি বহুনির্বাচনী প্রশ্নের সবগুলোর উত্তর দিতে হবে।